



স্মারক নং- ১২.২০৩.০২৭.০০.০০.২৮২২.২০১৫.৬০২

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৪
০৫ আগস্ট ২০১৭

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ আব্দুল গণি, সহকারী পরিচালক (সার), বিএডিসি, মহেন্দ্রনগর, লালমনিরহাট এর বিরুদ্ধে ১২ অক্টোবর ২০১৪ তারিখ হতে ১১ ফেব্রুয়ারি ২০১৫ তারিখ পর্যন্ত ০৪(চার) মাসের অর্জিত ছুটি ভোগের পর যথাসময়ে কাজে যোগদান না করে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিতির কারণে সংস্থাপন বিভাগের ২৩ জুন ২০১৫ তারিখের ৪৯১৬ নং স্মারকে তাঁর বিরুদ্ধে বিভাগীয় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়ন করা হয়; এবং

০২. যেহেতু উপরোক্ত অভিযোগসমূহের জন্য বিএডিসি কর্মচারি চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর ৩৯ প্রবিধির উপর ভিত্তি করে ৪৩(১) প্রবিধি মোতাবেক কেন তাঁর বিরুদ্ধে শাস্তি/শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ দর্শাতে নির্দেশ দেয়া হয়; এবং

০৩. যেহেতু, জনাব মোঃ আব্দুল গণি, সহকারী পরিচালক (সার), বিএডিসি, মহেন্দ্রনগর, লালমনিরহাট অভিযোগনামার জবাব প্রদান করেননি; এবং


০৪. যেহেতু, বিএডিসি, কর্মচারি চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর ৪৩ (২) প্রবিধি মোতাবেক একজন তদন্ত কর্মকর্তার মাধ্যমে অভিযোগসমূহ তদন্ত করা হয়; এবং

০৫. যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি ও প্রমানাদি পরীক্ষা-নিরীক্ষা করে দেখা যায় যে, ১২ অক্টোবর ২০১৪ তারিখ হতে ১৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখ পর্যন্ত ০৪(চার) মাসের অর্জিত ছুটি ভোগের পর যথাসময়ে কাজে যোগদান না করে অদ্যাবধি কর্তৃপক্ষের অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির সংক্রান্ত অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রতিষ্ঠিত হয়েছে; এবং

০৬. যেহেতু, উক্ত অপরাধের জন্য বিএডিসি কর্মচারি চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর ৪০(১) (খ) প্রবিধি মোতাবেক তাঁর উপর কেন এক বা একাধিক গুরুদণ্ড আরোপ করা হবেনা তার কারণ দর্শানোর জন্য সংস্থাপন বিভাগের ১৪ মার্চ ২০১৬ তারিখের ৫৪৫৯ নম্বর স্মারকযোগে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ ইস্যু করা হয়। তিনি উক্ত নোটিশের জবাব দাখিল করেননি; এবং

০৭. যেহেতু, তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ ও সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনান্তে জনাব মোঃ আব্দুল গণি, সহকারী পরিচালক (সার), বিএডিসি, মহেন্দ্রনগর, লালমনিরহাট এর অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করা অসদাচরণ ও পলায়নের শামিল।

০৮. সেহেতু, জনাব মোঃ আব্দুল গণি, সহকারী পরিচালক (সার), বিএডিসি, মহেন্দ্রনগর, লালমনিরহাট'কে অসদাচরণ ও পলায়নের দায়ে বিএডিসি কর্মচারি চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর ৩৯ (খ) (গ) ধারার অপরাধে দোষী সাব্যস্ত করে একই প্রবিধানমালার প্রবিধি ৪০ (১)(খ)(এ) মোতাবেক তার অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখ হতে সংস্থার চাকরি হতে বরখাস্ত (ডিসমিসাল) দণ্ড প্রদান করে মামলার নিষ্পত্তি করা হলো।



(তুলসী রঞ্জন সাহা)

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৪৩৫৯

e-mail: secretary@badc.gov.bd


চলমান পাতা -০১

স্মারক নং- ১২.২০৩.০২৭.০০.০০.২৮২২.২০১৫. ৬০২

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৪।
০৮ আগস্ট ২০১৭।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
২. হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা।
৩. যুগ্মপরিচালক (সার), বিএডিসি, রংপুর।
৪. আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, রংপুর।
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
- ✓ ৬. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. সম্পাদক, কৃষি সমাচার, জনসংযোগ বিভাগ, বিএডিসি, ঢাকা।
৮. সহকারী হিসাব, নিয়ন্ত্রক (প্রভতঃ/নগদান/ব্যঃদাঃ), বিএডিসি, ঢাকা।
৯. জনাব মোঃ আব্দুল গনি, সহকারী পরিচালক (সার) (সাময়িক বরখাস্ত), বিএডিসি, মহেন্দ্রনগর, লালমনিরহাট।
১০. জনাব মোঃ আব্দুল গনি, পিতা-মোঃ বাহানতুল্লাহ, গ্রাম-দক্ষিণ গন্ডিয়ারী, ডাকঘর-হাতীবান্ধা, উপজেলা- হাতীবান্ধা, জেলা- লালমনিরহাট।
১১. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা)/সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১২. ব্যক্তিগত নথি/অফিস কপি /মাষ্টার ফাইল।



(মোঃ রিয়াজুল ইসলাম)

উপসচিব (সংস্থাপন)-১

বিএডিসি, ঢাকা।